আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের
চ্যবনপ্রাশ
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক
স্বল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৬ই অগ্রহায়ণ বুধবার, ১৩৭১ ইং 2nd. Dec. 1964 | ২৮শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ১৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Sarkar

## রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

PATENT NO.
## খাস জনতা
কেরোসিন কুকার
চমৎকার ... বিপুলতা আমার।
প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

## বাস্তুজমি বিক্রয়
রঘুনাথগঞ্জ হাসপাতালের পশ্চিমে দুই বিঘা বাস্তুজমি বিক্রয় আছে। স্কুল, কোর্ট, বাজার ইত্যাদি নিকটে। বিস্তারিত বিবরণের জন্য নিম্নে অনুসন্ধান করুন।
প্রফুল্লকুমার ব্যানার্জী
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ

স্টুডেন্টস্ ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

১৬ই অগ্রহায়ণ বুধবার সন ১৩৭১ সাল।

# দিন আগত ঐ

—•—

প্রাণিমাত্রেরই জীবনধারণ প্রধানতঃ আহারের উপর নির্ভর করে বলিয়া প্রত্যেক প্রাণীরই নির্দিষ্ট আহার্য্যব্যবস্থা রহিয়াছে। এক এক জাতীয় প্রাণীর প্রকৃতিভেদে আহার্য্য ভিন্ন ভিন্ন। সাধারণতঃ পশু-পক্ষী প্রভৃতি নিরামিষাশী বা আমিষাশী ইতর প্রাণিগণ স্বয়ংই নিজ নিজ শক্তি ও বুদ্ধিবলে জীবন-রক্ষার উপযোগী আহার্য্য সংগ্রহ করিয়া থাকে। আহারনিদ্রাদি স্বাভাবিক ক্রিয়ার অনুষ্ঠানে ব্যক্তি-গত জীবনরক্ষার সুযোগ পাইলেই তাহাদের জীবনের চরিতার্থতা সিদ্ধ হয় বলিয়া প্রকৃতির রাজ্যে তাহারা মানুষ অপেক্ষা অনেকটা স্বাচ্ছন্দ্যময় জীবনের অধিকারী সন্দেহ নাই। পরন্তু সমাজবদ্ধ মানবগণকে চিরকালই নিজ ও সমাজের উন্নয়ন-মূলক নানারূপ কার্যে ব্যাপৃত থাকিতে হয় বলিয়া কেবলমাত্র নিজ আহার্য্যাদির সংগ্রহ দ্বারাই তাহার কর্ত্তব্যের পরিসমাপ্তি ঘটে না। এ জন্য বিভিন্ন ব্যক্তিকে বিভিন্ন কর্ম্মানুষ্ঠানের মাধ্যমেই সমাজসেবা ও নিজ জীবিকার ব্যবস্থা করিতে হয়। বিশেষতঃ সভ্য মানবগোষ্ঠীর আহার, বাসস্থান, পোষাক পরিচ্ছদ ইত্যাদির বৈশিষ্ট্যহেতু একের পক্ষে উহার সমগ্র উৎপাদন সম্ভবপর নহে বলিয়াই প্রত্যেককেই উহার জন্য অপরের উপর নির্ভর করিতে হয়। এ জন্যই সভ্য সমাজে বিশেষ বিশেষ আবশ্যক উপকরণের উৎপাদনে ভিন্ন ভিন্ন লোক কর্ম্মতৎপর রহিয়াছে। সকলেই যদি একই কার্য্যের মাধ্যমে সমাজের ও নিজের উপকার করিতে উদ্যত হয় তাহা হইলে অপর সকল দিক্ দিয়া প্রয়োজনীয় দ্রব্যাদির উৎপাদনের অভাবহেতু সমাজে অচল অবস্থার উদ্ভব হয়। আবার যাহার জন্য যে কর্ম্ম নির্দিষ্ট থাকে, সে যদি লোভাদিবশতঃ তদ্‌বিষয়ে দুর্নীতি বা অসদাচার অবলম্বন করে তাহা হইলেও সমাজ মধ্যে মহান্ অনর্থেরই প্রাদুর্ভাব ঘটে।

প্রাচীন ভারতীয় বর্ণাশ্রমিসমাজে বিভিন্ন বর্ণের কর্ম্মব্যবস্থা বিভিন্ন ছিল। এক বর্ণের লোকের কার্য্য অপর বর্ণের লোক করিতে গেলে শাস্ত্র ও রাজশাসনানুসারে প্রত্যবায়ভাগী ও দণ্ডার্হ হইত। তৎকালে লোকমাত্রেরই একটা পরলোকবিশ্বাস ছিল বলিয়া সাধারণতঃ পাপানুষ্ঠানে প্রবৃত্তি ছিল না। বর্ত্তমান কালে বিজ্ঞানের অবদানে আমাদের প্রাচীন কুসংস্কার (?) লোপ পাইতে চলিয়াছে। মানুষ পশুর মত নির্ব্বোধ নহে। একটা গল্প আছে এক নৈয়ায়িক পণ্ডিত মহাশয় এক কলুর ঘানিঘরের নিকট দিয়া যাইতে যাইতে দেখিলেন—একটা বলদ ঘানি টানিতেছে—তাহার গলায় ঘণ্টা বাঁধা। তিনি কলুকে প্রশ্ন করিলেন—বলদের গলায় ঘণ্টা কেন? কলু বলিল—বলদটা চলিতে গেলেই ঘণ্টার শব্দ হয়। আমরা অন্য ঘর হইতেও ঘণ্টার শব্দ শুনিয়া বুঝিতে পারি—সে কাজ করিতেছে, ফাঁকি দিতেছে না। পণ্ডিত মহাশয় বলিলেন—বলদ যদি কাজে ফাঁকি দিয়া দাঁড়াইয়া থাকিয়া ঘাড় নাড়ে, তাহা হইলেও ত ঘণ্টার শব্দ হইবে। কলু বলিল—আমার বলদ এত চালাক হয় নাই—যেহেতু সে ন্যায়শাস্ত্র পড়ে নাই।

বিজ্ঞানের যুগেও বলদ চালাক হয় নাই বটে, কিন্তু আমরা কর্তব্যকার্য্যে ফাঁকি দিয়া বা অসৎকার্য্য করিয়া সমাজ বা আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাইবার মত চতুরতা যথেষ্ট সঞ্চয় করিয়াছি। এখন সরিষার তৈলে ভেজাল দেওয়ার অপরাধে কলুকে রাজদ্বারে অভিযুক্ত করিলে সে নিশ্চয়ই জবাব দিবে—এই অভিযোগেই ভেজাল রহিয়াছে, কারণ—সরিষার কখনও তৈল হয় না। বৈয়াকরণিককে সে সাক্ষি-রূপে আদালতে লইয়া গেলে তিনিও নিশ্চয়ই বলিতে বাধ্য হইবেন—'তিলস্য বিকারঃ তৈলম্, ন তু সর্ষপস্য' (তিলের বিকার বা স্নেহ পদার্থই তৈল, সরিষার নহে।)

---

## প্রথম শ্রেণীতে প্রথম স্থান

### স্বর্ণ-পদক লাভ

রঘুনাথগঞ্জ দরবেশপাড়ার স্বনামধন্য স্বর্গীয় রামতারণ ঘোষাল মহাশয়ের কনিষ্ঠ পুত্র শ্রীবিশ্বেশ্বর ঘোষাল মহাশয়ের পুত্র শ্রীমান্ সলিলকুমার ঘোষাল 'মাষ্টার অফ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং' পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করিয়া স্বর্ণ-পদক লাভ করিয়াছেন। আমরা শ্রীমান্ সলিলের কৃতকার্য্যতার জন্য বিশেষ আনন্দিত হইয়াছি। সে ভবিষ্যতে উত্তরোত্তর উন্নতি লাভ করুক ইহাই কামনা করি।

---

## ফরাক্কায় প্রধান মন্ত্রী

আগামী ৬ই ডিসেম্বর রবিবার ৪১নং ফরাক্কা কেন্দ্রের উপনির্ব্বাচন।

আজিজুর রহমান বিশ্বাস, সৈয়দ আবুল হোসেন (কং মনোনীত), টি, এ, নূরন্নবী ও সত্যদেব গুপ্ত—এই চারিজন প্রার্থী দণ্ডায়মান হইয়াছেন। পশ্চিম বঙ্গের প্রধান মন্ত্রী মহাশয় কংগ্রেস মনোনীত প্রার্থীর জন্য নির্ব্বাচনী সভায় বক্তৃতা দিতেছেন। কে উপবেশন করিবেন তা' ভবিতব্যই জানেন!

---

## পশ্চিমবঙ্গ সরকার কর্ত্তৃক ধইঞ্চা বীজ ক্রয়

পশ্চিমবঙ্গ সরকার সবুজ সার হিসাবে ব্যবহারের উদ্দেশ্যে এই বৎসর ১৮,৬৭২ কুইন্টল ধইঞ্চা বীজ ক্রয় করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। কুইন্টল প্রতি ৬৭ টাকা (মণ প্রতি প্রায় ২৫ টাকা) হিসাবে বীজের দাম দেওয়া হইবে। অবশ্য ইহা বিশুদ্ধ এবং অঙ্কুরোদ্গম সন্তোষজনকভাবে হওয়া চাই। যে সকল কৃষিজীবী সরকারের নিকট ধইঞ্চা বীজ বিক্রয় করিতে চান, তাঁহাদিগকে স্থানীয় গ্রাম পর্যায়ের কর্মী অথবা ব্লকে কর্মরত অন্যান্য কৃষি আধিকারিকগণের সহিত সংযোগ স্থাপন করিতে অনুরোধ করা হইতেছে। —প্রেস নোট

## গৃহ-ভৃত্য কর্তৃক চুরির পরিসংখ্যান

প্রত্যহ কলিকাতায় গৃহ-ভৃত্য কর্তৃক চুরি হয় গড়পড়তা দুইটি হইতে তিনটি। এখানে ঐ ধরণের চুরির সংখ্যা রাজধানী দিল্লীর তুলনায় দ্বিগুণ বলিয়া পুলিস সংগৃহীত পরিসংখ্যান হইতে জানা যায়। ঐ হিসাব অনুসারে গত জুলাই হইতে সেপ্টেম্বর এই তিন মাসে কলিকাতায় গৃহ-ভৃত্য দ্বারা চুরির সংখ্যা ছিল ২২০টি; দিল্লীতে ১১০টি। গোয়েন্দা পুলিসের এক মুখপাত্র বলেন, গৃহ-ভৃত্যদের হদিস রাখার উদ্দেশ্যে ফটো সহ তাহাদের নামধাম স্থানীয় থানায় লিপিবদ্ধ করাইবার যে ব্যবস্থা চালু হইয়াছে—তাতে নাগরিকদের সাড়া এ পর্য্যন্ত খুবই কম। অনুরোধের উত্তরে অনেক সময় গৃহকর্ত্তা বলেন, চাকরের নাম লেখাতে গেলে যদি সে পালায় আপনারা লোক খুঁজে দেবেন?

তবু চুরি বা অন্যান্য অপরাধ কমাইবার জন্য থানাগুলি হইতে মাঝে মাঝে বাড়ীতে গিয়া লোকজনের নাম রেজিষ্ট্রী করার অনুরোধ জানানো হয়। কারণ ইহা নাকি প্রমাণিত হইয়াছে যে রেজিষ্ট্রীকৃত ভৃত্যদের মধ্যে চুরির ঘটনা বিরল। যাহা হোক এবছর জানুয়ারী হ'তে সেপ্টেম্বর পর্য্যন্ত নয় মাসে কলিকাতার পুলিস ৩৪৪৩টি ক্ষেত্রে ঐরূপ অনুরোধ জানায়; ১৭১০টি ক্ষেত্রে সাড়া পাওয়া যায় এবং প্রকৃতপক্ষে থানায় ভৃত্যের নাম রেজিষ্ট্রী হয় ৮২৩টি ক্ষেত্রে।

## সমাজ শিক্ষা দিবস

১-১২-৬৪ তারিখে সন্ধ্যায় দেশবন্ধু-যতীন দাস পাঠাগারে সমাজ শিক্ষা দিবস উদ্‌যাপিত হয়। সভায় পাঠাগারের সভ্যগণ এবং শহরের বিশিষ্ট ব্যক্তিগণ সমবেত হন।

## উদ্বন্ধনে আত্মহত্যা

গত ২৯শে নভেম্বর রবিবার রাত্রে স্থানীয় কুষ্ঠ চিকিৎসা বিভাগের করণিক শ্রীসুধাময় বিশ্বাস উদ্বন্ধনে আত্মহত্যা করিয়াছেন।

## বিজিতের হস্তে বিজেতা লাঞ্ছিত

বিগত ১৮ই নভেম্বর বুধবার রঘুনাথগঞ্জ ১নং ব্লকে থানা আঞ্চলিক পরিষদে দুইজন সদস্য সংযোজন জন্য নির্ব্বাচন হইয়াছে। বিজিত হামবড়া (কং) প্রার্থীর হস্তে বিজেতা (স্বতন্ত্র) প্রার্থী লাঞ্ছিত হইয়াছেন। কংগ্রেস মনোনীত প্রার্থীর অশোভন আচরণে শ্রীমান্ সুশোভন স্তম্ভিত হইয়াছে। নির্ব্বাচনে প্রার্থী ছিলেন—

* মহম্মদ আমিরুল ইসলাম (কং)
* দেবব্রত ঘোষাল
অমূল্যরতন চক্রবর্ত্তী (কং)
কাশেম আহম্মদ

তারকা-চিহ্নিত দুইজন ভোটাধিক্যে সংযোজিত হইয়াছেন।

## প্রধান শিক্ষকের বিরুদ্ধে ডাকাতির অভিযোগ

দেউলপুর হাই স্কুলের প্রধান শিক্ষক সতীশচন্দ্র সাধু খাঁ এম-এস-সি, বি-টি; সহকারী শিক্ষক খগেন্দ্রনাথ দাস, স্থানীয় তহশীলদার, জনৈক ব্যবসায়ী ও অপর এক ব্যক্তির ডাকাতি ও দাঙ্গা-হাঙ্গামার অভিযোগে হাওড়ার সহকারী দায়রা জজ আদালতে অভিযুক্ত হইয়াছে।

অভিযোগে প্রকাশ, আসামী সতীশচন্দ্রের নেতৃত্বে অন্যান্য আসামীরা ১১-১২-৬৩ তারিখে অভিযোগকারী বলরাম ব্যানার্জীকে রাস্তায় আটক করে এবং সতীশের নির্দেশে আসামী মানিক তাহাকে ছুরিকাঘাত করে এবং সোনার বোতাম ও ২৫ টাকা অপহরণ করে।

## ষ্ট্যাম্প ডিউটির উপর সারচার্জ
### ১৯৬৪ সালের
### ১লা ডিসেম্বর হইতে কার্য্যকর হইবে

১৯৬৪ সালের ৯ই নভেম্বর প্রকাশিত কলিকাতা গেজেটের এক অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত ১৯৬৪ সালের ভারতীয় ষ্ট্যাম্প (পশ্চিমবঙ্গ সংশোধন) আইন আগামী ১লা ডিসেম্বর হইতে কার্যকর হইবে। উক্ত আইন অনুযায়ী ঐ তারিখ হইতে বিভিন্ন ধরণের সম্পত্তি হস্তান্তর সম্পর্কিত পরবর্ণিত দশটি নির্ব্বাচিত ক্ষেত্রে ষ্ট্যাম্প ডিউটির মূল হারের উপর ১/৫ ভাগ হারে সারচার্জ গৃহীত হইবে:— (১) বিক্রয় প্রমাণপত্র, (২) ক্রয়বিক্রয় লেখা, (৩) সম্পত্তি বিনিময়, (৪) অতিরিক্ত আদায়, (৫) দান, (৬) ইজারা, (৭) বন্ধক দলিল, (৮) বন্ধকী সম্পত্তির পুনরায় ক্রয়বিক্রয় লেখা, (৯) প্রজাবিলি এবং (১০) ইজারা হস্তান্তর।

রাজ্যের পরিকল্পনা কর্ম্মধারার জন্য অসংগতির ব্যাপারে এইরূপ সারচার্জের যেরূপ প্রয়োজন সেইরূপ সাম্প্রতিককালে স্থাবর সম্পত্তির মূল্যমান বিশেষ পরিমাণে বৃদ্ধি পাওয়ার দরুণ উহা ন্যায্যও বটে। উক্ত আইনে ন্যায় ঘোষণা সংক্রান্ত ষ্ট্যাম্প ডিউটির (১৮৯৯ সালের ভারতীয় ষ্ট্যাম্প আইনের ১ক তফসিলের ৬৪ক ধারা) সর্বোচ্চ হার সাড়ে পঁচিশ টাকা হইতে কমাইয়া ২৫ টাকা করা হইয়াছে এবং অন্যান্য বিষয়ের বর্ধিত ষ্ট্যাম্প ডিউটির সহিত সামঞ্জস্য বিধানের উদ্দেশ্যে চুক্তি বা চুক্তি-সম্পর্কিত স্মারকলিপির অধীন বিবিধ বিষয়ের ষ্ট্যাম্প ডিউটির হার বাড়ানো হইয়াছে। এই ব্যাপারে বিশদ বিবরণ কলিকাতার ষ্ট্যাম্প রেভিনিউ সমাহর্তার অফিসে এবং জেলার সকল সমাহর্তা উপমহাধ্যক্ষের নিকট এবং রাজ্যের সকল ট্রেজারি ও সবট্রেজারি হইতে পাওয়া যাইবে।

—প্রেস নোট

Wanted an experienced Arts Graduate teacher to join from January '65 for the Bangabari Junior High School. Apply to the Secy.
P. O. Gangin, Dt Murshidabad on or before 15. 12. 64

## নিলামের ইস্তাহার
### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
নিলামের দিন ১৪ই ডিসেম্বর, ১৯৬৪

১৯৬৩ সালের ডিক্রীজারী

১৪ মনি ডিঃ গিয়াসুদ্দিন বিশ্বাস দেং আবদুল আজিজ মোমিন দাবি ৩৪৫৲ টাকা ১৭ পঃ থানা ফরাক্কা মৌজে কেন্দুয়া ১-৬৭ শতকের কাত ১-৯২ পঃ তন্মধ্যে ⅓ অংশ আঃ ১০০৲ খং ১৩ স্থিতিবান স্বত্ব





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—*শ্রীননীগোপাল সেন,* কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক

সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন : ৫৫-৪১৬৬



**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )